**সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
ঢাকা।

এসএফডি সার্কুলার নং-০২ — তারিখঃ এপ্রিল ০৫, ২০১৮ / চৈত্র ২২, ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত ইসলামী শরীয়াহ্ ভিত্তিক সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**মাস্টার সার্কুলারঃ "পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগে বিনিয়োগের নিমিত্তে ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য পুনঃঅর্থায়ন স্কিম"।**

ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকে সংরক্ষিত তাদের বিধিবদ্ধ তারল্যের রক্ষণীয় মাত্রার অতিরিক্ত/উদ্বৃত্ত তারল্যকে অর্থনৈতিক কর্মকান্ডে লাভজনকভাবে সঞ্চালনের উদ্দেশ্যে এবং শিল্পায়নে বিশেষ করে কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণ ও ক্ষুদ্র উদ্যোক্তা খাত এবং নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব উদ্যোগ অর্থায়নে ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে বাংলাদেশে একটি পরিবেশবান্ধব টেকসই অর্থনীতি গড়ে তোলার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার নং-১৩, তারিখ: সেপ্টেম্বর ১৮, ২০১৪ এর মাধ্যমে একটি "ইসলামিক রিফাইন্যান্স ফান্ড হিসাব" গঠন করা হয়। উক্ত ফান্ড যথাযথভাবে ব্যবহারের মাধ্যমে দেশে নবায়নযোগ্য/বিকল্প জ্বালানির প্রসার, জ্বালানি দক্ষ/সাশ্রয়ী প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি, পরিবেশবান্ধব বর্জ্য ব্যবস্থাপনা এবং অন্যান্য পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের প্রসারের মাধ্যমে পরিবেশ দূষণ রোধ ও পরিবেশ সংরক্ষণ এবং এ সকল বিষয়ে আর্থিক খাতের (ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ) বিনিয়োগ প্রবাহকে সহজ ও সুগম করার মাধ্যমে পরিবেশবান্ধব টেকসই অর্থনীতি গড়ে তোলার উদ্দেশ্যে জিবিসিএসআরডি সার্কুলার নং-০৬, তারিখ: অক্টোবর ১২, ২০১৪ জারি পূর্বক "নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব উদ্যোগ অর্থায়নের নিমিত্তে ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য পুনঃঅর্থায়ন স্কিম" গঠন করা হয়। পরবর্তীতে পুনঃঅর্থায়ন ফান্ডটি পরিচালনার সুবিধার্থে বিআরপিডি সার্কুলার লেটার নং-১১, তারিখ: ডিসেম্বর ১০, ২০১৭ জারি করা হয়েছে। এ স্কিমের আওতায় অদ্যাবদি মোট ৫১(একান্ন)টি পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। সময়ের পরিক্রমায় স্কিম পরিচালনার অভিজ্ঞতা, দেশের অর্থনৈতিক কাঠামোর উন্নয়ন, প্রযুক্তিগত উন্নয়ন ও পরিবর্তন, পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের প্রতি গ্রাহক চাহিদা বৃদ্ধি বিবেচনায় নিয়ে এবং বাংলাদেশ সরকারের উন্নয়ন পরিকল্পনাসমূহের (Perspective Plan of Bangladesh: 2010-2021, National Sustainable Development Strategy 2010-2021, সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা, Sustainable Development Goals) বাস্তবায়নকে ত্বরান্বিত করার উদ্দেশ্যে পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগে ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিনিয়োগ আরও সহজ ও সুগম করার লক্ষ্যে এ বিষয়ক অদ্যাবধি জারিকৃত সার্কুলার/সার্কুলার লেটারসমূহে বর্ণিত নির্দেশনাদি পর্যালোচনা, পরিমার্জন ও সময়োচিত নতুন কিছু নিদের্শনা সংযোজন করে একটি সমন্বিত ও বিশদ নীতিমালা প্রস্তুত করা হয়েছে, যা অত্র সার্কুলারের মাধ্যমে জারি করা হলো।

২।**শিরোনামঃ** পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগে বিনিয়োগের নিমিত্তে ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য পুনঃঅর্থায়ন স্কিম (Refinance Scheme for Islamic Banks & Financial Institutions for Investment in Green Products/Initiatives)।

৩। **অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানঃ** আলোচ্য স্কিমের আওতায় শুধুমাত্র ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য পুনঃঅর্থায়ন সুবিধা বিবেচনাযোগ্য হবে। স্কিমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য আগ্রহী ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংকের (মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা) সাথে অংশগ্রহণকারী চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তিবদ্ধ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান উক্ত স্কিমের আওতাধীন "অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান (Participating Financial Institution-PFI)" হিসেবে পরিগণিত হবে। ইতোমধ্যে চুক্তি সম্পাদনকারী অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহকে অত্র সার্কুলার জারির পর নতুনভাবে পুনঃঅর্থায়ন সুবিধা প্রাপ্তির জন্য সার্কুলার জারির ০৩(তিন) মাসের মধ্যে পরিবর্তিত চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

৪। **বিনিয়োগের মুনাফার হারঃ**

৪.১। স্কিমের আওতায় অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংক হতে প্রদত্ত পুনঃঅর্থায়নের উপর "সংশ্লিষ্ট অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের মুদারাবা সঞ্চয়ী হিসাবের বিদ্যমান প্রভিশনাল মুনাফার হার অথবা ব্যাংক হার (বর্তমানে ৫.০০%) এর মধ্যে যেটি কম", সে হারে তাদের নিকট হতে মুনাফা আদায়যোগ্য হবে এবং উক্ত হার "ভিত্তি হার (Base Rate)" হিসাবে পরিগণিত হবে।

৪.২। দেশে কার্যরত ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহের মুদারাবা সঞ্চয়ী হিসাবের বিদ্যমান প্রভিশনাল মুনাফার হারসমূহের গড় স্কিমে অংশগ্রহণকারী নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য মুদারাবা সঞ্চয়ী হিসাবের প্রভিশনাল মুনাফার হার হিসাবে বিবেচিত হবে।

**৪.৩। গ্রাহক পর্যায়ে বিনিয়োগের উপর মুনাফার হারঃ**

৪.৩.১। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি বিনিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য ভিত্তি হারের উপর মার্জিন আরোপ করে গ্রাহক পর্যায়ে মুনাফার হার (ভিত্তি হার + মার্জিন) নির্ধারণ করা যাবে। উক্ত মার্জিন ঋণ পরিশোধের সময়কাল ৫ বছরের কম হলে সর্বোচ্চ ৩%, ৫ বছর বা ততোধিক কিন্তু ৮ বছরের কম হলে সর্বোচ্চ ৩.৫% এবং ৮ বছর বা ততোধিক হলে সর্বোচ্চ ৪% হবে। তবে ইতোমধ্যে পুনঃঅর্থায়ন সুবিধাপ্রাপ্ত পণ্য ও উদ্যোগসমূহে পূর্বের মুনাফার হার প্রযোজ্য হবে।

৪.৩.২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি খাতে অগ্রাধিকার বিবেচনায় নিয়ে "সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেম" এর ক্ষেত্রে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক গ্রাহক পর্যায়ে সরাসরি বিনিয়োগের বিপরীতে তাদের মার্জিন হবে সর্বোচ্চ ২%।

৪.৩.৩। ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নিয়মাবলী/নির্দেশনা অনুযায়ী পরিচালিত/কার্যরত এজেন্ট ব্যাংকিং/আউটসোর্সিং এর মাধ্যমে (গ্রাহক নির্বাচন, বিনিয়োগ প্রস্তাব তৈরীকরণ, মূল্যায়ন, মনিটরিং, আদায় কার্যক্রম ইত্যাদি) বিনিয়োগের ক্ষেত্রে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত মুনাফার হারের উপর ফি/কমিশন ধার্য করে গ্রাহক পর্যায়ে বিনিয়োগের মুনাফার হার (ভিত্তি হার + অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের মার্জিন + এজেন্ট ব্যাংকিং/আউটসোর্সিং ফি/কমিশন) নির্ধারণ করা যাবে। উক্ত এজেন্ট ব্যাংকিং/আউটসোর্সিং ফি/কমিশন বিনিয়োগ পরিশোধের সময়কাল ৫ বছরের কম হলে সর্বোচ্চ ১%, ৫ বছর বা ততোধিক কিন্তু ৮ বছরের কম হলে সর্বোচ্চ ১.৫% এবং ৮ বছর বা ততোধিক হলে সর্বোচ্চ ২% হবে।

**৫। বিনিয়োগ পরিশোধের সময়কাল ও মুনাফা হিসাবায়নঃ**

৫.১। অত্র নীতিমালার সকল শর্তানুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে মুনাফাসহ সমুদয় বিনিয়োগ গ্রাহক কর্তৃক মাসিক/ত্রৈমাসিক কিস্তিতে নির্দিষ্ট পরিশোধ সূচী অনুযায়ী পরিশোধযোগ্য হবে। নির্ধারিত সময়ের মধ্যে সমুদয় বিনিয়োগ পরিশোধিত না হলে অতিরিক্ত সময়ের জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ অনাদায়ী বকেয়া বিনিয়োগের উপর বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান সার্কুলারের আলোকে এবং অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহের নিজস্ব নীতিমালা অনুযায়ী Compensation/Penalty ধার্য করতে পারবে।

৫.২। গ্রাহক পর্যায়ে বিনিয়োগ পরিশোধের সময়কাল বিনিয়োগ হিসাব সৃষ্টির তারিখ হতে এবং অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগ পরিশোধের সময়কাল পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে হিসাবায়ন হবে।

৫.৩। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুনঃঅর্থায়ন গ্রহণের তারিখ হতে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত ত্রৈমাসিক কিস্তিতে প্রতি বছরে পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগ মুনাফাসহ পরিশোধযোগ্য হবে।

৫.৪। গ্রাহক পর্যায়ে বিনিয়োগ আদায় এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগ আদায় উভয় ক্ষেত্রেই ক্রমহ্রাসমান পদ্ধতি (Reducing Balance Method) প্রযোজ্য হবে (সংযুক্তি-১)।

৫.৫। বিনিয়োগের মুনাফার হার হিসাবায়নের ক্ষেত্রে কোন ধরণের লুক্কায়িত খরচ (Hidden Expenses) হিসাব করা যাবে না। অত্র সার্কুলারের অনুচ্ছেদ-৪ এ বর্ণিত মুনাফার হার এবং বাংলাদেশ ব্যাংকের সময়ে সময়ে জারিকৃত সার্কুলার/সার্কুলার

লেটারসমূহের আলোকে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের বিদ্যমান "Schedule of Charges" ভিন্ন অন্য কোন ধরনের চার্জ/ফি/মুনাফা ধার্য্য করা যাবে না। তবে প্রযোজ্য ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত/ধার্যকৃত শুল্ক/কর আদায় করা যাবে।

৫.৬। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের সাথে গ্রাহকের সম্পর্কের ভিত্তিতে ও প্রয়োজনীয়তার নিরিখে পুনঃঅর্থায়নযোগ্য পণ্য বা উদ্যোগে গ্রেস পিরিয়ড প্রযোজ্য হতে পারে। তবে সংশ্লিষ্ট পণ্য/উদ্যোগের জন্য অত্র সার্কুলারে বর্ণিত শর্তাবলীর আলোকে সর্বোচ্চ গ্রেস পিরিয়ড অনুমোদন করা যাবে (সংযুক্তি-৪)।

৬। **<u>পুনঃঅর্থায়ন গ্রহণের যোগ্যতা:</u>**

৬.১। স্কিমের আওতায় অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের শুধুমাত্র মেয়াদী বিনিয়োগের (Term investment) বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে। প্রকল্পের পরামর্শক খরচ, মেরামত সংক্রান্ত ব্যয় এবং চলতি মূলধন বাবদ ব্যয় পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় বিবেচিত হবে না।

৬.২। পুনঃঅর্থায়নযোগ্য বিনিয়োগের পরিমাণ পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের উৎপাদন ক্ষমতা ও প্রকৃত ব্যয় নিরূপণ করত নির্ধারণ করা হবে, তবে তা কোনক্রমেই সংশ্লিষ্ট পণ্য/উদ্যোগের জন্য বাংলাদেশ ব্যাংক নির্ধারিত সর্বোচ্চ সীমা অতিক্রম করবে না।

৬.৩। ব্যাংক কোম্পানি আইন ও আর্থিক প্রতিষ্ঠান আইনের বিদ্যমান বিধিবিধান এবং বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান সার্কুলার/ সার্কুলার লেটারসমূহ অনুযায়ী খেলাপী গ্রাহকের অনুকূলে কোনরূপ বিনিয়োগ সুবিধা প্রদান করা যায় না বিধায় সংশ্লিষ্ট খেলাপী গ্রাহকের বিনিয়োগ হিসাবের বিপরীতে কোন পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের আবেদনের সুযোগ নেই। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের আবেদন করার পূর্বে সংশ্লিষ্ট গ্রাহক ও তার স্বার্থ সম্পর্কিত প্রতিষ্ঠানসমূহের সাম্প্রতিক সিআইবি রিপোর্ট অনুযায়ী গ্রাহকের বিনিয়োগ হিসাব খেলাপী নয় মর্মে নিশ্চিত করতে হবে।

৬.৪। অংশগ্রহণকারী চুক্তি মোতাবেক পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগ মুনাফাসহ পরিশোধ নিশ্চিত করতে হবে এবং এ মর্মে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানকে স্বতন্ত্র প্রতিশ্রুতি পত্র (Demand Promissory Note) সম্পাদন করতে হবে।

৬.৫। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক যৌক্তিক কারণে "Investment Purchase/Takeover" এর বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানের আবেদন করার পূর্বে বিনিয়োগ হিসাবটি বিরূপমানে শ্রেণিকৃত হওয়ায় পুনঃতফসিলীকৃত বা মুনাফা মওকুফকৃত নয় মর্মে নিশ্চিত হতে হবে। তাছাড়া সংশ্লিষ্ট গ্রাহকের বিনিয়োগ হিসাব অবলোপনের ইতিহাস পুনঃঅর্থায়নের অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৬.৬। "Syndicated Financing" এর আওতায় বিনিয়োগকৃত পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে। তবে উক্ত পণ্য/উদ্যোগে বিনিয়োগের বিপরীতে শুধুমাত্র "লিড ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান" বাংলাদেশ ব্যাংকের নিকট পুনঃঅর্থায়নের আবেদন উপস্থাপন করতে পারবে। এক্ষেত্রে পুনঃঅর্থায়ন সুবিধা "লিড ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান" এর অনুকূলে প্রদান করা হবে এবং উক্ত পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগের ত্রৈমাসিক কিস্তি "লিড ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান" এর নিকট হতে আদায় করা হবে। অপরাপর সদস্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের স্ব স্ব বিনিয়োগ অনুপাতে (Pro-rata Basis) পুনঃঅর্থায়ন সুবিধা বন্টন, পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগের কিস্তি আদায় ও অন্যান্য দায়-দায়িত্ব সম্পূর্ণরূপে "লিড ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান" এর উপর ন্যস্ত থাকবে।

৬.৭। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের বিনিয়োগে চালু হওয়া পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্প অথবা বিশেষ ক্ষেত্রে যৌক্তিক কারণে পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্প চালু হওয়ার পর অনধিক ০৬(ছয়) মাসের মধ্যে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা বিবেচনাযোগ্য হবে। তবে "গ্রিন ইন্ডাস্ট্রি" ও "গ্রিন ফিচারিং বিল্ডিং" এর ক্ষেত্রে আবশ্যিকভাবে প্রযোজ্য সংশ্লিষ্ট সার্টিফিকেট পাওয়ার পর বিনিয়োগ [সার্টিফিকেট প্রাপ্তির তিন(০৩) মাসের মধ্যে] করা হলেও পুনঃঅর্থায়ন সুবিধা বিবেচনাযোগ্য হবে।

৭। **<u>পুনঃঅর্থায়ন আবেদন প্রক্রিয়া:</u>**

৭.১। ০৫(পাঁচ) বছর বা তদূর্ধ্ব মেয়াদী বিনিয়োগের ক্ষেত্রে পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্প স্থাপন বা চালু (Trial Run) হওয়ার পরবর্তী ৯০(নব্বই) দিনের মধ্যে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক তাদের সরাসরি বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য বাংলাদেশ ব্যাংক বরাবর এককালীন আবেদন করবে।

৭.২। ০৫(পাঁচ) বছরের নিম্নমেয়াদী পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পে বিনিয়োগের ক্ষেত্রে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক তাদের সরাসরি বিনিয়োগের বিপরীতে পুনঃঅর্থায়নের জন্য সংশ্লিষ্ট ত্রৈমাসিক শেষে অথবা পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্প স্থাপন বা চালু (Trial Run) হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংক বরাবর এককালীন আবেদন করবে।

৭.৩। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের নিয়মাবলী/নির্দেশনা অনুযায়ী পরিচালিত/কার্যরত এজেন্ট ব্যাংকিং/আউটসোর্সিং এর মাধ্যমে যে কোন মেয়াদে বিনিয়োগের ক্ষেত্রে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত বিনিয়োগ দ্বারা এজেন্ট ব্যাংকিং/আউটসোর্সিং প্রতিষ্ঠান যে ত্রৈমাসিকে উপকারভোগী গ্রাহক পর্যায়ে বিনিয়োগ করতে সক্ষম হবে তার বিপরীতে উক্ত ত্রৈমাসিক শেষে পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংকে পুনঃঅর্থায়ন দাবী উপস্থাপন করবে।

৭.৪। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর পুনঃঅর্থায়ন আবেদন (ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী অথবা ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহীর অনুপস্থিতিতে দ্বিতীয় সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তার স্বাক্ষরে) উপস্থাপন করতে হবে। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান পুনঃঅর্থায়ন আবেদনের সঙ্গে নির্ধারিত ছক [সংযুক্তি-২] অনুসারে তথ্যাদি ও প্রয়োজনীয় দলিলাদি সরবরাহ করবে।

৭.৫। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংক হতে ০১ (এক) বছর মেয়াদী পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে যা সচল ও অশ্রেণীকৃত থাকা সাপেক্ষে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত প্রতি ০১ (এক) বছর অন্তর অন্তর অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহের গ্রাহকের অনুকূলে বকেয়া স্থিতির সমপরিমাণে নবায়নযোগ্য হবে। এজন্য অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহকে মূল অর্থায়নের বিনিয়োগকাল পর্যন্ত প্রতি বছর সমাপ্ত হবার পরবর্তী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর পুনঃঅর্থায়ন পুনঃউত্তোলনের জন্য আবেদন করতে হবে ।

৭.৬। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহকে এ স্কিমের আওতায় বিনিয়োগের সর্বোচ্চ ১০০% পুনঃঅর্থায়ন সুবিধা প্রদানযোগ্য হবে। তবে এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

৮। **<u>পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগের সদ্ব্যবহার ও তথ্য সরবরাহ:</u>**

৮.১। পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগের সদ্ব্যবহার সম্পর্কে বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/বিবরণী অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহ সরবরাহ করবে। তাছাড়া পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগের সদ্ব্যবহারের বিষয়টি বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয়তার নিরিখে যে কোন সময় সরেজমিনে পরিদর্শন করবে।

৮.২। নিম্নবর্ণিত অবস্থার অবতারণা হলে অংশগ্রহণ চুক্তিপত্রের শর্তানুসারে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য "ভিত্তি হার (Base Rate)" অপেক্ষা ৫% অধিক হারে Compensation/Penalty সহ পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগ এককালীন ফেরত প্রদান করতে হবে এবং উক্ত অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে বাংলাদেশ ব্যাংক অর্ডার ১৯৭২, ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ বা আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ অনুসারে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে:

ক) অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান ভুল তথ্য প্রদানের মাধ্যমে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করলে;
খ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরেজমিনে পরিদর্শনে পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগের সদ্ব্যবহার হয়নি মর্মে পরিলক্ষিত হলে;
গ) পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় সুবিধাপ্রাপ্ত গ্রাহকের বিনিয়োগ হিসাব বিরূপমানে শ্রেণিকৃত হওয়ার পরও বাংলাদেশ ব্যাংককে তাৎক্ষণিকভাবে অবহিত করা না হলে।

৯। **<u>পুনঃঅর্থায়ন আদায় প্রক্রিয়া:</u>**

৯.১। প্রতি বছরে নির্দিষ্ট পরিশোধসূচী অনুযায়ী নির্ধারিত তারিখে মুনাফাসহ পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগের পরিশোধযোগ্য কিস্তি ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের চলতি হিসাব থেকে কর্তন করে নেয়া হবে।

৯.২। পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগের মুনাফা পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগ/ফান্ডের যোগানদাতা ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বাংলাদেশ ব্যাংকে রক্ষিত চলতি হিসাবে তাদের বিনিয়োগ (ফান্ডে) অনুপাতে বন্টন করা হবে।

৯.৩। গ্রাহক পর্যায়ে বিনিয়োগের মুনাফাসহ মূল বিনিয়োগ মাসিক/ত্রৈমাসিক কিস্তিতে নির্দিষ্ট পরিশোধ সূচী অনুযায়ী আদায়যোগ্য হবে।

৯.৪। নির্ধারিত সময়ের পূর্বে কোন গ্রাহক বিনিয়োগ সমন্বয় করলে যে সময়ের জন্য গ্রাহক উক্ত বিনিয়োগ সুবিধা গ্রহণ করেছে, পুনঃঅর্থায়ন সুবিধাও সর্বোচ্চ উক্ত সময়ের জন্য প্রযোজ্য হবে। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহ চাইলে নির্ধারিত সময়ের পূর্বেও পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগ সমন্বয় করতে পারবে। এক্ষেত্রে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহকে বিনিয়োগ হিসাব সমন্বয় হওয়া মাত্রই গ্রাহকের Investment Account Statement সহ বিনিয়োগ সমন্বয়ের বিষয়টি বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে। মেয়াদ পূর্তির পূর্বে বিনিয়োগ হিসাব সমন্বয়ের জন্য গ্রাহক পর্যায়ে কোন প্রকার চার্জ/ফি আদায় করা যাবে না।

৯.৫। গ্রাহক পর্যায়ে বিনিয়োগ হিসাব বিরূপমানে শ্রেণিকৃত হলে পুনঃঅর্থায়ন সুবিধা বাতিল মর্মে বিবেচিত হবে। বিনিয়োগ হিসাব বিরূপমানে শ্রেণিকরণের বিষয়টি তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে। বাংলাদেশ ব্যাংক প্রযোজ্য মুনাফাসহ বকেয়া পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগ এককালীন আদায় করবে।

১০। **অন্যান্য শর্তাবলীঃ**

১০.১। বিনিয়োগ গ্রহীতা নির্বাচন, বিনিয়োগ মঞ্জুরী, নিরাপত্তা জামানত গ্রহণ, বিনিয়োগ প্রদান/বিতরণ, দলিল সম্পাদন, বিনিয়োগ মূলধন অনুপাত নির্ধারণ, বিনিয়োগের সদ্ব্যবহার ও তদারকীর বিষয়াদি বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান নীতিমালা/সার্কুলার/সার্কুলার লেটারসমূহ, সংশ্লিষ্ট অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালা এবং ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নির্ধারিত হবে।

১০.২। গ্রাহক পর্যায়ে বিনিয়োগের সকল ঝুঁকি এবং বিনিয়োগ আদায়ের সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের উপর ন্যস্ত থাকবে। অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগের যথাযথ ঝুঁকি ব্যবস্থাপনা (বিনিয়োগ ঝুঁকি এবং পরিবেশ ও সামাজিক ঝুঁকি সহ) নিশ্চিত করবে।

১০.৩। গ্রাহক পর্যায়ে বিনিয়োগ আদায়ের সাথে বাংলাদেশ ব্যাংকের পাওনা পরিশোধকে কোনভাবেই সম্পর্কিত করা যাবে না।

১০.৪। প্রকল্প বাস্তবায়নে পরিবেশ অধিদপ্তর, বাংলাদেশ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ, Sustainable and Renewable Energy Development Authority (SREDA) ও অন্যান্য নিয়ন্ত্রক সংস্থা কর্তৃক সময় সময় জারিকৃত প্রযোজ্য সকল নির্দেশনার যথাযথ পরিপালন বিনিয়োগ প্রদান/বিতরণের পূর্বেই নিশ্চিত করতে হবে।

১০.৫। পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগ সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের যাচিত তথ্যাদি/বিবরণী (সংযুক্তি-৩) নির্ধারিত সময়ে অংশগ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক দাখিল করা না হলে সংশ্লিষ্ট আইন ও বিধি-বিধান অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০.৬। পুনঃঅর্থায়ন স্কিমের শর্তাদি বা তহবিলের বিষয়ে যে কোনো সংযোজন, বিয়োজন এবং পরিমার্জনের অধিকার বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করে।

১১। **পুনঃঅর্থায়নের জন্য উপযুক্ত পণ্য/উদ্যোগ:** পুনঃঅর্থায়ন স্কিমের অধীনে নিম্নোক্ত ৮টি খাতের আওতায় বর্তমানে নতুন অন্তর্ভূক্ত পণ্য/উদ্যোগ "গ্রিন ফিচারিং বিল্ডিং" সহ মোট ৫১টি পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ (বিস্তারিত বিবরণঃ সংযুক্তি-৪) পুনঃঅর্থায়ন সুবিধার জন্য বিবেচিত হবে:

| | |
|---|---|
| ১১.১) নবায়নযোগ্য জ্বালানি। | ১১.৫) পুনঃপ্রক্রিয়াকরণ ও পুনঃপ্রক্রিয়াকরণ উপযোগী দ্রব্য প্রস্তুতকরণ। |
| ১১.২) জ্বালানি দক্ষ/সাশ্রয়ী প্রযুক্তি। | ১১.৬) পরিবেশবান্ধব ইট উৎপাদন। |
| ১১.৩) বিকল্প জ্বালানি। | ১১.৭) পরিবেশবান্ধব স্থাপনা। |
| ১১.৪) বর্জ্য ব্যবস্থাপনা। | ১১.৮) বিবিধ। |

১২। ইতোপূর্বে জারিকৃত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের মাধ্যমে যে সকল পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছিল সে সকল সার্কুলার/সার্কুলার লেটার জারির পূর্বে সংশ্লিষ্ট পণ্য/উদ্যোগে বিনিয়োগ করা হলে তা পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় বিবেচনা করা হবে না।

১৩। ‘‘নবায়নযোগ্য জ্বালানি ও পরিবেশবান্ধব উদ্যোগ অর্থায়নের নিমিত্তে ইসলামিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য পুনঃঅর্থায়ন স্কিম’’ বিষয়ে ইতোপূর্বে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-০৬, তারিখঃ অক্টোবর ১২, ২০১৪ বাতিল মর্মে গণ্য হবে।

১৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ সাল পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (২০০৩ সাল পর্যন্ত সংশোধিত) এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ’ল যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মনোজ কুমার বিশ্বাস)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৩২০
ফ্যাক্সঃ ৯৫৩০৩২৭
ই-মেইলঃ manoj.biswas@bb.org.bd

সংযুক্তি-১: পুনঃঅর্থায়ন/বিনিয়োগের জন্য মুনাফা হিসাবায়নের ক্ষেত্রে ক্রমহ্রাসমান পদ্ধতির (Reducing balance method) নমুনা।

## Investment Amortization Schedule (Fixed Principal Payment Method)

| | | |
|---|---|---|
| Total Investment Amount = | Tk. | 100,000.00 |
| Annual Provisional Profit Rate = | | 5% |
| Investment Period (in Years) = | | 01 Years |
| Number of Installment Payments per Year = | | 4 |
| Investment Account Creation/Disbursement Date = | | January 1, 2018 |

| Installment No. | Payment Date | Beginning Principal Balance (Tk.) | Scheduled Payment (Tk.) | Principal (Tk.) | Profit (Tk.) | Ending Principal Balance (Tk.) | Cumulative Profit (Tk.) |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 01-04-18 | 100,000.00 | 26,250.00 | 25,000.00 | 1,250.00 | 75,000.00 | 1,250.00 |
| 2 | 01-07-18 | 75,000.00 | 25,937.50 | 25,000.00 | 937.50 | 50,000.00 | 2,187.50 |
| 3 | 01-10-18 | 50,000.00 | 25,625.00 | 25,000.00 | 625.00 | 25,000.00 | 2,812.50 |
| 4 | 01-01-19 | 25,000.00 | 25,312.50 | 25,000.00 | 312.50 | - | 3,125.00 |
| **Total** | | | **103,125.00** | **100,000.00** | **3,125.00** | | |

| | | |
|---|---|---|
| Total Investment Repayment | Tk. | 103,125.00 |
| Total Profit = | Tk. | 3,125.00 |

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

**সংযুক্তি-২/ক: পুনঃঅর্থায়নের জন্য আবেদনকৃত পণ্য/উদ্যোগ সংশ্লিষ্ট তথ্য বিবরণী** এসএফডি পুনঃঅর্থায়ন সংক্রান্ত তথ্য ফরম নং-১

**"পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগে বিনিয়োগের নিমিত্তে ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায়**
**"-------------------------------------------------------------------" পণ্য/উদ্যোগে পুনঃঅর্থায়নের জন্য বিতরণকৃত বিনিয়োগের বিবরণী**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম:
বিনিয়োগ বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইন্টারমিডিয়ারী এজেন্টের (এজেন্ট ব্যাংকিং/আউটসোর্সিং) নাম ও ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে):

| ক্রমিক নং | গ্রাহক/গ্রাহক প্রতিষ্ঠানের নাম, ঠিকানা (থানা/উপজেলা ও জেলা) এবং মোবাইল নং | গ্রাহক প্রকৃতি (একক/যৌথ/ পরিবার/প্রতিষ্ঠান/ সমবায় সমিতি/ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান) | বিতরণকৃত বিনিয়োগের পরিমাণ ও বিনিয়োগ বিতরণের তারিখ | বিনিয়োগের মেয়াদকাল ও গ্রেস পিরিয়ড | গ্রাহক পর্যায়ে সরাসরি বিতরণকৃত বিনিয়োগের মুনাফার হার | ইন্টারমিডিয়ারী এজেন্টের মাধ্যমে বিতরণকৃত বিনিয়োগের গ্রাহক পর্যায়ে মুনাফার হার | যে উদ্দেশ্যে বিনিয়োগ করা হয়েছে (বিনিয়োগের আওতাভুক্ত ব্যয়) | বিনিয়োগ বিতরণকারী শাখার নাম ও ঠিকানা | পুনঃঅর্থায়নের জন্য আবেদনকৃত পণ্য/উদ্যোগ সংশ্লিষ্ট তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে) | | | | প্রকল্পের উপকারভোগী গ্রাহকের সংখ্যা এবং প্রকল্পের পরিবেশগত উপযোগিতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | সোলার প্যানেলের ইউনিক কোড নম্বর, উৎপাদন ক্ষমতা ও প্রাপ্ত বিদ্যুতের পরিমাণ (Wp) | বায়োগ্যাস প্লান্টের দৈনিক উৎপাদন ক্ষমতা এবং ব্যাংক কর্তৃক অর্থায়িত গরুর সংখ্যা | সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেমের দৈনিক পানি উৎপাদন ক্ষমতা ও মোটরের ক্ষমতা | স্লারি হতে উৎপাদিত জৈবসারের পরিমাণ/উৎপাদিত কেঁচো কম্পোস্টের পরিমাণ ও অর্থায়িত গরুর সংখ্যা | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |

❖ **বিশেষ দ্রষ্টব্য:**

ক) যে সকল পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য এই ফরম প্রযোজ্য হবে: ১) সোলার হোম সিস্টেম , ২) সোলার মাইক্রো/মিনি গ্রিড, ৩) সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেম, ৪) সৌরশক্তি চালিত কোল্ড স্টোরেজ, ৫) বিদ্যমান গবাদি পশুর/পোল্ট্রি খামারে বায়োগ্যাস প্লান্ট স্থাপন, ৬) সমন্বিত গরুপালন ও বায়োগ্যাস প্লান্ট স্থাপন , ৭) মাঝারি আকারের বায়োগ্যাস প্লান্ট , ৮) বায়োমাস ভিত্তিক বৃহৎ আকারের বায়োগ্যাস প্লান্ট , ৯) পোল্ট্রি ও ডেইরি ভিত্তিক বৃহৎ আকারের বায়োগ্যাস প্লান্ট , ১০) স্লারি হতে জৈবসার প্রস্তুতকরণ, ১১) কেঁচো কম্পোস্ট সার উৎপাদন প্রকল্প।

খ) আবেদনপত্রের সঙ্গে যে সকল নথিপত্র দাখিল করতে হবে: ১) বিনিয়োগ মঞ্জুরীপত্র , ২) বিনিয়োগ হিসাব বিবরণী , ৩) ইন্টারমিডিয়ারী এজেন্ট সম্পর্কিত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) , ৪) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুন:অর্থায়নের জন্য আবেদনকৃত পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের পরিদর্শন প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে), ৫) গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক সিআইবি রিপোর্টের ভিত্তিতে গ্রাহক বিনিয়োগ খেলাপী নয় (বিনিয়োগের শ্রেণিমানসহ) মর্মে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র, ৬) বাংলাদেশ ব্যাংক বরাবর পুন:অর্থায়ন সুবিধার জন্য দাবীকৃত পণ্য/উদ্যোগের বিপরীতে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত গ্রাহক অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে অর্থায়ন/পুন:অর্থায়ন সুবিধা গ্রহণ করেনি মর্মে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র।

**সংযুক্তি-২/খ: পুনঃঅর্থায়নের জন্য আবেদনকৃত পণ্য/উদ্যোগ সংশ্লিষ্ট তথ্য বিবরণী** এসএফডি পুনঃঅর্থায়ন সংক্রান্ত তথ্য ফরম নং-২

**"পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগে বিনিয়োগের নিমিত্তে ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায়**
**"-----------------------------------------------------------------" পণ্য/উদ্যোগে পুনঃঅর্থায়নের জন্য বিতরণকৃত বিনিয়োগের বিবরণী**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম:
বিনিয়োগ বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইন্টারমিডিয়ারী এজেন্টের (এজেন্ট ব্যাংকিং/আউটসোর্সিং) নাম ও ঠিকানা (প্রযোজ্য ক্ষেত্রে):

| ক্রমিক নং | গ্রাহক/গ্রাহক প্রতিষ্ঠানের নাম এবং ঠিকানা (থানা/উপজেলা ও জেলা) | গ্রাহক প্রকৃতি (একক/যৌথ/ পরিবার/প্রতিষ্ঠান/ সমবায় সমিতি/ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান) | বিতরণকৃত বিনিয়োগের পরিমাণ ও বিনিয়োগ বিতরণের তারিখ | বিনিয়োগের মেয়াদকাল ও গ্রেস পিরিয়ড | গ্রাহক পর্যায়ে সরাসরি বিতরণকৃত বিনিয়োগের মুনাফার হার | ইন্টারমিডিয়ারী এজেন্টের মাধ্যমে বিতরণকৃত বিনিয়োগের গ্রাহক পর্যায়ে মুনাফার হার | যে উদ্দেশ্যে বিনিয়োগ করা হয়েছে (বিনিয়োগের আওতাভুক্ত ব্যয়) | বিনিয়োগ বিতরণকারী শাখার নাম ও ঠিকানা | পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ সম্পর্কিত সংক্ষিপ্ত তথ্য [যেমন: উৎপাদন ক্ষমতা, প্রকল্প স্থাপন ব্যয় (খাতওয়ারী), প্রকল্পের বিনিয়োগ-মূলধন অনুপাত, বিনিয়োগের বিপরীতে বিদ্যমান জামানত এবং অন্যান্য তথ্যাদি] | প্রকল্পের কার্যারম্ভ ও সমাপ্ত হওয়ার তারিখ | প্রকল্পের উপকারভোগী গ্রাহকের সংখ্যা এবং প্রকল্পের পরিবেশগত উপযোগিতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| | | | | | | | | | | | | |

❖ **বিশেষ দ্রষ্টব্য:**

ক) যে সকল পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য এই ফরম প্রযোজ্য হবে: ১) সোলার পাম্পের মাধ্যমে ভূ-উপরিস্থ পানি উত্তোলন করত পরিশোধনপূর্বক সরবরাহ প্লান্ট , ২) সৌর ফটোভোল্টাইক সংযোজন প্লান্ট , ৩) সোলার ফটোভোল্টাইক পাওয়ার প্লান্ট, ৪) সোলার কুকার এসেম্বলি প্লান্ট, ৫) সোলার ওয়াটার হিটার এসেম্বলি প্লান্ট, ৬) সোলার এয়ার হিটার এন্ড কুলিং সিস্টেম এসেম্বলি প্লান্ট, ৭) বায়ুশক্তি চালিত বিদ্যুৎ উৎপাদন প্লান্ট, ৮) জলবিদ্যুৎ উৎপাদন প্লান্ট, ৯) জ্বালানি অদক্ষ সামগ্রীসমূহকে জ্বালানি দক্ষ সামগ্রী দ্বারা প্রতিস্থাপন , ১০) অটো সেন্সরযুক্ত পাওয়ার সুইচ এসেম্বলি প্লান্ট , ১১) জ্বালানি দক্ষ উন্নত কুক স্টোভ এসেম্বলি প্লান্ট , ১২) LED প্রযুক্তিসম্পন্ন বাল্ব উৎপাদন প্লান্ট , ১৩) LED বাল্ব/টিউব লাইট এসেম্বলি প্লান্ট, ১৪) সনাতন পদ্ধতির চুন চুল্লীগুলোকে উন্নত প্রযুক্তির চুল্লী দ্বারা প্রতিস্থাপন , ১৫) ওয়েস্ট হিট রিকভারি সিস্টেম, ১৬) পৌর বর্জ্য হতে মিথেন রিকভারি ও তা হতে বিদ্যুৎ উৎপাদন , ১৭) পৌর বর্জ্য হতে কম্পোস্ট উৎপাদন, ১৮) ক্ষতিকারক বর্জ্য ব্যবস্থাপনা, ১৯) গাঁদ ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ, ২০) পাইরোলাইসিস প্রক্রিয়ায় দাহ্য তৈল উৎপাদন , ২১) পুন:প্রক্রিয়াকরণ ও পুন:প্রক্রিয়াকরণ উপযোগী দ্রব্য প্রস্তুতকরণ খাত সংশ্লিষ্ট পণ্য/প্রকল্পসমূহ , ২২) গ্রিন ইন্ডাস্ট্রি, ২৩) গ্রিন ফিচারিং বিল্ডিং, ২৪) কারখানার কর্মপরিবেশ ও নিরাপত্তা নিশ্চিতকরণ প্রকল্প, ২৫) জ্বালানি সাশ্রয়ী/দক্ষ উপায়ে পাম অয়েল তেল উৎপাদন প্লান্ট।

খ) আবেদনপত্রের সঙ্গে যে সকল নথিপত্র দাখিল করতে হবে: ১) বিনিয়োগ মঞ্জুরীপত্র , ২) বিনিয়োগ হিসাব বিবরণী , ৩) Project Profile, ৪) প্রকল্পের খাতওয়ারি ব্যয় (প্রামাণিক দলিলাদিসহ) , ৫) ইন্টারমিডিয়ারী এজেন্ট সম্পর্কিত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে), ৬) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুন:অর্থায়নের জন্য আবেদনকৃত পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের পরিদর্শন প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে) , ৭) গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক সিআইবি রিপোর্টের ভিত্তিতে গ্রাহক বিনিয়োগ খেলাপী নয় (বিনিয়োগের শ্রেণিমানসহ) মর্মে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র , ৮) বাংলাদেশ ব্যাংক বরাবর পুন:অর্থায়ন সুবিধার জন্য দাবীকৃত পণ্য/উদ্যোগের বিপরীতে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত গ্রাহক অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে অর্থায়ন/পুন:অর্থায়ন সুবিধা গ্রহণ করেনি মর্মে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র, ৯) পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হালনাগাদ পরিবেশগত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ১০) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদ ফায়ার লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) , ১১) সংশ্লিষ্ট সংগঠনের সদস্যপদ হালনাগাদকৃত/নবায়নকৃত মর্মে প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) , ১২) সংশ্লিষ্ট পণ্য/উদ্যোগের জন্য আবশ্যিকভাবে প্রযোজ্য সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

**সংযুক্তি-২/গ: পুনঃঅর্থায়নের জন্য আবেদনকৃত পণ্য/উদ্যোগ সংশ্লিষ্ট তথ্য বিবরণী**

এসএফডি পুনঃঅর্থায়ন সংক্রান্ত তথ্য ফরম নং-৩

**"পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগে বিনিয়োগের নিমিত্তে ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় "-------------------------------------------------------------------" পণ্য/উদ্যোগে পুনঃঅর্থায়নের জন্য বিতরণকৃত বিনিয়োগের বিবরণী**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম:

| ক্রমিক নং | গ্রাহক/গ্রাহক প্রতিষ্ঠানের নাম এবং ঠিকানা (থানা/উপজেলা ও জেলা) | গ্রাহক প্রকৃতি (একক/যৌথ/ পরিবার/প্রতিষ্ঠান/ সমবায় সমিতি/ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান) | প্রকল্পের প্রকৃতি (কেমিক্যাল/ বায়োলজিক্যাল/ উভয়ের সমন্বিত প্রযুক্তির) | বিতরণকৃত বিনিয়োগের পরিমাণ ও বিনিয়োগ বিতরণের তারিখ | বিনিয়োগের মেয়াদকাল ও গ্রেস পিরিয়ড | গ্রাহক পর্যায়ে সরাসরি বিতরণকৃত বিনিয়োগের মুনাফার হার | যে উদ্দেশ্যে বিনিয়োগ করা হয়েছে (বিনিয়োগের আওতাভুক্ত ব্যয়) | বিনিয়োগ বিতরণকারী শাখার নাম ও ঠিকানা | কারখানার দৈনিক উৎপাদন ক্ষমতা | প্রকল্পের দৈনিক পরিশোধন ক্ষমতা (ঘনমিটার) | প্রকল্পের কার্যারম্ভের তারিখ ও প্রকল্প সমাপ্ত হওয়ার তারিখ | প্রকল্পের উপকারভোগী গ্রাহকের সংখ্যা এবং প্রকল্পের পরিবেশগত উপযোগিতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

❖ **বিশেষ দ্রষ্টব্য:**

ক) যে সকল পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য এই ফরম প্রযোজ্য হবে: ১) বায়োলজিক্যাল ইটিপি , ২) বায়োলজিক্যাল ও কেমিক্যাল এর সমন্বিত প্রযুক্তিসম্পন্ন ইটিপি স্থাপন , ৩) কেমিক্যাল ইটিপিকে বায়োলজিক্যাল ও কেমিক্যাল এর সমন্বিত প্রযুক্তিসম্পন্ন ইটিপিতে রূপান্তরকরণ, ৪) সেন্ট্রাল ইফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট, ৫) বর্জ্য পানি প্রক্রিয়াজাতকরণ প্রকল্প, ৬) পয়:নিষ্কাশিত তরল প্রক্রিয়াজাতকরণ প্রকল্প।

খ) আবেদনপত্রের সঙ্গে যে সকল নথিপত্র দাখিল করতে হবে: ১) বিনিয়োগ মঞ্জুরীপত্র , ২) বিনিয়োগ হিসাব বিবরণী, ৩) Project Profile, ৪) প্রজেক্ট লে-আউট ডিজাইন, ৫) প্রকল্পের খাতওয়ারি ব্যয় (প্রামাণিক দলিলাদিসহ), ৬) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুনঃঅর্থায়নের জন্য আবেদনকৃত পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ পরিদর্শন প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে), ৭) গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক সিআইবি রিপোর্টের ভিত্তিতে গ্রাহক বিনিয়োগ খেলাপী নয় (বিনিয়োগের শ্রেণিমানসহ) মর্মে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র , ৮) বাংলাদেশ ব্যাংক বরাবর পুনঃঅর্থায়ন সুবিধার জন্য দাবীকৃত পণ্য/উদ্যোগের বিপরীতে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত গ্রাহক অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে অর্থায়ন/ পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করেনি মর্মে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র, ৯) পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হালনাগাদ পরিবেশগত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ১০) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদ ফায়ার লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে), ১১) সংশ্লিষ্ট সংগঠনের সদস্যপদ হালনাগাদকৃত/নবায়নকৃত মর্মে প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ১২) সংশ্লিষ্ট পণ্য/উদ্যোগের জন্য আবশ্যিকভাবে প্রযোজ্য সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

**সংযুক্তি-২/ঘ: পুনঃঅর্থায়নের জন্য আবেদনকৃত পণ্য/উদ্যোগ সংশ্লিষ্ট তথ্য বিবরণী**

এসএফডি পুনঃঅর্থায়ন সংক্রান্ত তথ্য ফরম নং-৪

**"পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগে বিনিয়োগের নিমিত্তে ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য পুনঃঅর্থায়ন স্কিমের আওতায়**
**"-----------------------------------------------------------------" পণ্য/উদ্যোগে পুনঃঅর্থায়নের জন্য বিতরণকৃত বিনিয়োগের বিবরণী**

ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম:

| ক্রমিক নং | গ্রাহক/গ্রাহক প্রতিষ্ঠানের নাম এবং ঠিকানা (থানা/উপজেলা ও জেলা) | গ্রাহক প্রকৃতি (একক/যৌথ/ পরিবার/প্রতিষ্ঠান/ সমবায় সমিতি/ RJSC এর নিবন্ধিত প্রতিষ্ঠান) | বিতরণকৃত বিনিয়োগের পরিমাণ ও বিনিয়োগ বিতরণের তারিখ | বিনিয়োগের মেয়াদকাল ও গ্রেস পিরিয়ড | গ্রাহক পর্যায়ে সরাসরি বিতরণকৃত বিনিয়োগের মুনাফার হার | যে উদ্দেশ্যে বিনিয়োগ করা হয়েছে (বিনিয়োগের আওতাভুক্ত ব্যয়) | বিনিয়োগ বিতরণকারী শাখার নাম ও ঠিকানা | প্রকল্পে ব্যবহৃত চুল্লির প্রকৃতি | | প্রকল্পের বাৎসরিক ইট উৎপাদন ক্ষমতা | প্রকল্পের কার্যারম্ভের তারিখ ও প্রকল্প সমাপ্ত হওয়ার তারিখ | প্রকল্পের উপকারভোগী গ্রাহকের সংখ্যা এবং প্রকল্পের পরিবেশগত উপযোগিতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | সিঙ্গেল | ডাবল | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

❖ **বিশেষ দ্রষ্টব্য:**

ক) যে সকল পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের জন্য এই ফরম প্রযোজ্য হবে: ১) কমপ্রেসড ব্লক ইট প্রস্তুতকরণ প্রকল্প, ২) ফোম-কনক্রিট ইট প্রস্তুতকরণ প্রকল্প, ৩) আধুনিক প্রযুক্তিসম্পন্ন ইট প্রস্তুতকরণ প্লান্ট (HHK/Tunnel Kiln/সমমানের প্রযুক্তিসম্পন্ন প্লান্ট অথবা FCK হতে Zig-zag/VSBK পদ্ধতিতে রূপান্তরকরণ)।

খ) আবেদনপত্রের সঙ্গে যে সকল নথিপত্র দাখিল করতে হবে: ১) বিনিয়োগ মঞ্জুরীপত্র, ২) বিনিয়োগ হিসাব বিবরণী, ৩) Project Profile, ৪) প্রজেক্ট লে-আউট ডিজাইন, ৫) প্রকল্পের খাতওয়ারি ব্যয় (প্রামাণিক দলিলাদিসহ), ৬) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক পুন:অর্থায়নের জন্য আবেদনকৃত পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ পরিদর্শন প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে), ৭) গ্রাহক ও তার স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক সিআইবি রিপোর্টের ভিত্তিতে গ্রাহক বিনিয়োগ খেলাপী নয় (বিনিয়োগের শ্রেণিমানসহ) মর্মে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র, ৮) বাংলাদেশ ব্যাংক বরাবর পুন:অর্থায়ন সুবিধার জন্য দাবীকৃত পণ্য/উদ্যোগের বিপরীতে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত গ্রাহক অন্য কোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে অর্থায়ন/পুন:অর্থায়ন সুবিধা গ্রহণ করেনি মর্মে আবেদনকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়ন পত্র, ৯) পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত হালনাগাদ পরিবেশগত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ১০) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদ ফায়ার লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে), ১১) সংশ্লিষ্ট সংগঠনের সদস্যপদ হালনাগাদকৃত/নবায়নকৃত মর্মে প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), ১২) সংশ্লিষ্ট পণ্য/উদ্যোগের জন্য আবশ্যিকভাবে প্রযোজ্য সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে), ১৩) জেলা প্রশাসকের প্রদত্ত অনুমতি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

**সংযুক্তি-৩: পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগ সংক্রান্ত প্রতিবেদন (ত্রৈমাসিক)**

**অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের নাম:**
**ত্রৈমাসিক: ...................... হতে ....................,.২০............**

| ক্রমিক নং | পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগ বিতরণের তারিখ ও পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগের পরিমাণ | বিনিয়োগের মেয়াদকাল | বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়ন প্রাপ্তির তারিখ ও সূত্র নম্বর | পণ্য/প্রকল্পের নাম | আদায়কৃত পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগের পরিমাণ (টাকা) | আদায়যোগ্য বকেয়া পুনঃঅর্থায়নকৃত বিনিয়োগের পরিমাণ (টাকা) | বিনিয়োগের বর্তমান শ্রেণিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

❖ **বিশেষ দ্রষ্টব্য:**

বাংলাদেশ ব্যাংকের সঙ্গে অংশগ্রহণ চুক্তি স্বাক্ষরকারী সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন দাখিল করবে। ত্রৈমাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট ত্রৈমাসিকের তথ্যের উপর ভিত্তি করে তৈরী ও ত্রৈমাসিক পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংক (মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা) বরাবর দাখিল করতে হবে। কোন অংশগ্রহণকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ না করে থাকলে "Nil Report" দাখিল করতে হবে।

## সংযুক্তি-৪: পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগের তালিকা

### পুন:অর্থায়ন স্কিমের আওতাধীন পুন:অর্থায়নযোগ্য পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগসমূহের বিস্তারিত বিবরণ:

**খাত-১: নবায়নযোগ্য জ্বালানি**

| উপ-খাত | পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ | সর্বোচ্চ বিনিয়োগ সীমা (টাকায়) | বিনিয়োগের আওতা | পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগেরবৈশিষ্ট্য | বিনিয়োগ প্রাপ্তির যোগ্যতা | বিনিয়োগের মেয়াদকাল (সর্বোচ্চ)[১] | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | গ্রেস পিরিয়ড (মাস) | মেয়াদ (বছর) |
| সৌর শক্তি | ১) সোলার হোম সিস্টেম | ১.৭৫ লক্ষ (এক লক্ষ পঁচাত্তর হাজার) | সোলার হোম সিস্টেমের প্রকৃত মূল্য এবং স্থাপন ব্যয়। | ১০ Wp - ১০০০ Wp ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল। | ❖ একক/যৌথ উদ্যোগে ব্যবহারকারী (আবাসিক)। | - | ০৪ |
| | ২) সোলার মাইক্রো/মিনি গ্রিড | ১০.০০ (দশ) কোটি | প্রকল্পের স্থানীয় ব্যয়, আমদানি ব্যয় ও পুরকর্ম ব্যয়। | ১০০০ KWp বা তদূর্ধ্ব ক্ষমতাসম্পন্ন সোলার প্যানেল। | ❖ একক/যৌথ উদ্যোগে ব্যবহারকারী পরিবার/প্রতিষ্ঠান[২] অথবা সমবায় সমিতি[৩] অথবা RJSC[৪] এর নিবন্ধিত প্রতিষ্ঠান। | ০৯ | ০৮ |
| | ৩) সোলার ইরিগেশন পাম্পিং সিস্টেম | ৩৫.০০ (পঁয়ত্রিশ) লক্ষ | সোলার প্যানেল, সাবমারসিবল পাম্প, ইনভার্টার/কন্ট্রোলার, সুইচিং সিস্টেম, ড্রেনেজ সিস্টেম ইত্যাদি খাতে অর্থায়ন/বিনিয়োগ পুন:অর্থায়নের আওতাভূক্ত হবে। | **সোলার পাম্পের পানি উত্তোলন ক্ষমতা:** দৈনিক ৫ লক্ষ হতে ৬ লক্ষ লিটার পানি উত্তোলন। **সৌর প্যানেলের ক্ষমতা:** প্রতি পাম্পের জন্য সর্বনিম্ন ৬ KWp থেকে সর্বোচ্চ ১২ KWp পর্যন্ত। | ❖ যৌথ ভিত্তিতে ব্যবহারের উদ্দেশ্যে গঠিত কৃষক সমবায় সমিতি বা সমশ্রেণির নিবন্ধিত সংগঠন। | ০৬ | ০৮ |
